ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৯১৭
আগরতলা,২১ নভেম্বর,২০২৫

**সাংবাদিকদের কল্যাণে ত্রিপুরা জার্নালিস্টস পেনশন স্কিম ২০২১ এবং দ্য ত্রিপুরা মিডিয়া রিপ্রেজেনটেটিভস অ্যাক্রিডিটেশন গাইডলাইনস ২০২০-এর সংশোধন**

গত ১৮ নভেম্বর, ২০২৫ তারিখে অনুষ্ঠিত রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ত্রিপুরা জার্নালিস্টস পেনশন স্কিম ২০২১ এবং দ্য ত্রিপুরা মিডিয়া রিপ্রেজেনটেটিভস অ্যাক্রিডিটেশন গাইডলাইনস ২০২০-এর সংশোধন করা হয়েছে। যোগ্য সমস্ত অবসরপ্রাপ্ত এবং প্রয়াত সাংবাদিকদের পরিবারগুলিকে পেনশন স্কিমের আওতায় আনা সুনিশ্চিত করতে সংশোধনীতে নতুন কিছু বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। সাংবাদিকদের পেনশন পাওয়ার ক্ষেত্রে ন্যূনতম বয়সসীমা ও অ্যাক্রিডিটেশন কার্ড সম্বন্ধীয় বিধিতে প্রয়োজনীয় পরিবর্তন আনা হয়েছে। প্রয়াত সাংবাদিকদের পরিবারের সদস্যদের জন্য এই সংশোধনীতে নিয়মাবলি আরও সরলীকরণ করা হয়েছে। এছাড়া সাংবাদিকদের পেনশন পেতে গেলে পরিবারের আয় সম্পর্কিত যে উর্ধ্বসীমা ধার্য করা হয়েছিলো তাও বিলোপ করা হয়েছে। মামলায় অভিযোগের প্রমাণ সাপেক্ষে সাংবাদিক পেনশন অব্যাহত রাখার ব্যাপারেও সংশোধন আনা হয়েছে।

এছাড়াও মন্ত্রিসভার বৈঠকে সংবাদমাধ্যমের কর্মীদের সুযোগ সুবিধা সহজতর করার লক্ষ্যে দ্য ত্রিপুরা মিডিয়া অ্যাক্রিডিটেশন গাইডলাইনস ২০২০-এর দ্বিতীয় সংশোধনীর অনুমোদন দেওয়া হয়েছে। এই সংশোধনীতে অ্যাক্রিডিটেশনের সঙ্গে সম্পর্কিত বিভিন্ন ক্যাটাগরির পুনর্বিন্যাস করা হয়েছে এবং পুনর্মূল্যায়ন, প্রেস কাউন্সিল অব ইন্ডিয়ার দ্বারা নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী কমিটি গঠন এবং অ্যাক্রিডিটেশন কার্ড সম্বন্ধীয় বিভিন্ন শর্তাবলিরও প্রয়োজনীয় পরিবর্তন করা হয়েছে। এই বিষয়ে দপ্তরের প্রস্তাবে গত ১৮ নভেম্বর, ২০২৫ তারিখে রাজ্য মন্ত্রিসভা অনুমোদন দিয়েছে।

*****